

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৬৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২১. যে দু'আ পড়ে সালাত আরম্ভ করতে হয়

باب مَا يُسْتَفْتَحُ بِهِ الصَّلَاةُ مِنَ الدُّعَاءِ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ مَرْزُوقٍ، أَخْبَرَنَا شُعْبَةُ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ عَاصِمٍ الْعَنَزِيِّ، عَنِ ابْنِ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ، عَنْ أَبِيهِ، أَنَّهُ رَأَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يُصلِّي صلَّاةً قَالَ عَمْرُو لَا أَدْرِي أَى صَلَاةٍ هِيَ فَقَالَ " اللهُ أَكْبَرُ كَبِيرًا وَالْحَمْدُ لِلَّهِ كَثِيرًا وَالْحَمْدُ لِلَّهِ كَثِيرًا وَالْحَمْدُ لِلَّهِ كَثِيرًا وَسُبْحَانَ اللهِ بُكْرَةً وَأَصِيلاً " . قَالَ نَفْتُهُ الشِّعْرُ وَنَفْتُهِ وَهَمْزُهِ " . قَالَ نَفْتُهُ الشِّعْرُ وَنَفْخُهُ الْكِبْرُ وَهَمْزُهُ الْمُوتَةُ .

_ ضعيف : المشكاة ٨١٧ ، الإرواء ٣٤٢

বাংলা

৭৬৪। ইবনু জুবায়ির ইবনু মুত্বঈম হতে তাঁর পিতার সূত্রে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে কোন এক সালাত আদায় করতে দেখেছেন। বর্ণনাকারী 'আমর বলেন, সেটা কোন সালাত ছিল (ফর্য না নফল) তা আমার জানা নেই। তিনি (সালাত আদায়কালে) বলেছেন, ''আল্লাহু আকবার কাবীরান, আল্লাহু আকবার কাবীরান, আলহামদু লিল্লাহি কাসীরান, আলহামদু লিল্লাহি কাসীরান, অলহামদু লিল্লাহি কাসীরান, ওয়া সুবহানাল্লাহি বুকরাতাও ওয়া আসীলা'', (তিনবার) ''আ'উযু বিল্লাহি মিনাশ শাইত্বনির রাজীমি মিন নাফখিহি ওয়া নাফসিহি ওয়া হামযিহি।'' বর্ণনাকারী ('আমর ইবনু মুররাহ) বলেন, নাফখিহি হচ্ছে শয়তানের কবিতা, নাফসিহি হচ্ছে শয়তানের অহঙ্কার এবং হামযিহি হচ্ছে শয়তানের কুমন্ত্রণা।[1]

দুর্বল : মিশকাত ৮১৭, ইরওয়া ৩৪২।

English



Narrated Jubayr ibn Mut'im:

Jabir saw the Messenger of Allah (ﷺ) observing prayer. (The narrator Amr said: I do not know which prayer he was offering.)

He (the Prophet) said: Allah is altogether great; Allah is altogether great; Allah is altogether great; and praise be to Allah in abundance; and praise be to Allah in abundance. Glory be to Allah in the morning and after (saying it three times). I seek refuge in Allah from the accursed devil, from his puffing up (nafkh), his spitting (nafth) and his evil suggestion (hamz).

He (Amr) said: His nafth it poetry, his nafkh is pride, and his hamz is madness.

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত, অনুঃ সালাতে আশ্রয় প্রার্থনা করা, হাঃ ৮০৭), তায়ালিসি (৯৪৭), ইবনু জারুদ (৯৬), আহমাদ (৪/৮৫), ত্বাবারানী 'কাবীর' এবং ইবনু হাযম 'মুহাল্লা (৩/২৪৮)। সনদের 'আসিম ইবনু 'আনযীকে কেউ সিক্কাহ বলেননি। কেবল ইবনু হিববান তাকে 'সিক্কাত' গ্রন্থে উল্লেখ করেছেন। কিন্তু সেখানে তার নাম নিয়ে মতভেদ আছে। সম্ভতঃ এ কারণে ইমাম বুখারী বলেছেনঃ সহীহ নয়। তবে হাদীসটির এ সনদ যদিও দুর্বল কিন্তু এর শাওয়াহিদ বর্ণনাবলীর কারণে হাদীসটি সহীহ। (বিস্তারিত দেখুন, ইরওয়াউল গালীল, ৩৪২ নং)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন